

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র নিয়োগ বিধি ২০১৭ প্রণয়ন সংক্রান্ত সভা

প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ২৫ সেপ্টেম্বর ২০১৭ বিকাল ০৩.০০ টায় “জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র নিয়োগ বিধি ২০১৭ প্রণয়ন” সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র অধীনস্থ জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, শিক্ষানবিশ প্রশিক্ষণ অফিসের নিয়োগ বিধিসমূহকে একটি সমন্বিত নিয়োগ বিধি প্রণয়নের উদ্দেশ্যে খসড়া বিধি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বিএমইটি'র পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি'র অধ্যক্ষ, সিনিয়র/ চীফ ইন্সট্রাক্টরদের খসড়া বিধির উপর মতামত নেওয়াসহ বিস্তারিত আলোচনা হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র নিয়োগ বিধি ২০১৭-এর খসড়া দ্রুত চূড়ান্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দসহ বিএমইটি'র মহাপরিচালক মোঃ সেলিম রেজা উপস্থিত ছিলেন।